

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৭ (ভোকেশনাল-২)  
ই-মেইলঃ [advocddo@gmail.com](mailto:advocddo@gmail.com)

স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৯১.১৩.১৬ন৩

তারিখ : ২৫/৯/২০১৬ খ্রিঃ

বিষয় : স্থাপনার ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ ব্যবহার প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং টিএসসি/সিল/২৭৫/৪৬৬, তারিখ: ২৮/৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কাজীর বাজার সেতুর (ঢাকা প্রান্তের) এপ্রোচ সড়ক নির্মাণ” প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজ এর স্থাপনার ক্ষতিপূরণ বাবদ ধার্যকৃত ৪৮,৭০,৯১৮.০০ টাকা হতে ২% উৎসকর কর্তন করতঃ ৪৭,৭৩,৪৯৯.৬৪ (সাতচল্লিশ লক্ষ তেয়াত্তর হাজার চারশত নিরানব্বই এবং পয়সা চৌষাট্টি মাত্র) টাকার এল এ চেক জেলা প্রশাসক, সিলেট এর মাধ্যমে সিলেট টিএসসি এর অধ্যক্ষ গ্রহণ করেছেন। উক্ত টাকা দ্বারা স্থানীয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে তিনি প্রতিষ্ঠানের (১) সীমানা প্রাচীর (২) ৪র্থ শ্রেণির গার্ড সেড এবং (৩) একটি গভীর নলকূপ স্থাপনের কাজে ব্যয়ের জন্য যে প্রস্তাব প্রেরণ করেছেন, তা বিধি সম্মত নয়। তাই, উক্ত টাকা বিধি মোতাবেক সংশ্লিষ্ট উপখাতে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



২৫.৯.২০১৬  
(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ

সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজ

সিলেট।

অনুলিপি :

১০১/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।